1. SE, Khulna/Jashore/Kushtia/Faridpur/Barisal/Patuakhali
2. SAE (O&M)

মোঃ রোকনউজ্জামান
প্রধান প্রকৌশলী (ওএন্ডএম)
ওজোপাডিকোলিঃ, খুলনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
পাওয়ার সেল
বিদ্যুৎ ভবন (১৪ তলা)
১,আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.powercell.gov.bd, www.mpemr.gov.bd

স্মারক নং-২৭.৭১.০০০০.০০৪.১৬.০০১.১৮-৫১৮ তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪৩১ খ্রিঃ। ১০ জুন ২০২৪ খ্রিঃ।

বিষয়ঃ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সুবিধা নিশ্চিত করতে বিদ্যুতের প্রকৃত চাহিদা নিরুপন বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী প্রেরণ প্রসঙ্গে।

বিদ্যুৎ বিতরন সংস্থা/কোম্পানিসমূহ হতে প্রাপ্ত চাহিদার আলোকে বিদ্যুৎ উৎপাদন পরিকল্পনা ও প্রকৃত চাহিদা নিরূপনের লক্ষ্যে গত ৫ জুন ২০২৪ইং তারিখ পাওয়ার সেলের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী সদয় পরবর্তী কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরনী।

West Zone Power Dist. Co. Ltd. Khulna.
Received No. 3826
Date. 20.06.24
Executive Director Fin/Opr/P&D/Admin
CE. O&M S&D,ESC & S
CS/SE(P&D)/DGM(HR)/ Acctt/Audit/Fin/Com/PD
File

CE(O&M)

(মোঃ সাজিবুল হক)
পরিচালক (অপারেশনাল পারফরমন্স)
ফোন: (০২) ২২৩৩৮৪৬৪১
ই-মেইল: dir.com@powercell.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিবি/ডিপিডিসি/ডেসকো/ওজোপাডিকো/নেসকো, ঢাকা/খুলনা/রাজশাহী।
২। যুগ্মসচিব (উন্নয়ন-১/সমন্বয়-১), বিদ্যুৎ বিভাগ, ঢাকা।
৩। সদস্য (উৎপাদন/বিতরন), বিউবো, ঢাকা।
৪। সদস্য (বিতরন ও পরিচালন), পবিবো, ঢাকা।

অনুলিপি:
১। চেয়ারম্যান, বিউবো/পবিবো, ঢাকা।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বিজ্বাখস মন্ত্রণালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন/সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ, ঢাকা।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, পাওয়ার সেল, ঢাকা।

নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সুবিধা নিশ্চিত করতে বিদ্যুতের প্রকৃত চাহিদা নিরুপন বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মোহাম্মদ হোসাইন, মহাপরিচালক, পাওয়ার সেল।
তারিখ	:	৫ জুন ২০২৪ইং।
সময়	:	দুপুর ২:৩০ ঘটিকা।
স্থান	:	বিজয় হল (বিদ্যুৎ ভবন ১৫ তলা), ঢাকা।
উপস্থিতি	:	পরিশিষ্ট-ক।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি, পাওয়ার সেল এবং পিজিসিবি'র সংশ্লিষ্ট প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভাপতি সভার পটভূমি বর্ণনা করে জানান যে, বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহ হতে প্রকৃত বিদ্যুৎ চাহিদা সময় মত এনএলডিসি না পাওয়ায় সঠিক লোড ম্যানেজমেন্ট করা অনেক সময় সম্ভব হয় না। গত মে ২০২৪ মাসের সমন্বয় সভায় বিদ্যুৎ বিভাগের সিনিয়র সচিব মহোদয় বিতরন সংস্থা হতে প্রকৃত চাহিদার ভিত্তিতে ডিমান্ড ফোরকাস্ট হালনাগাদ এবং একঘন্টা অন্তর ফোরকাস্টেড ডিমান্ডের ভিত্তিতে উৎপাদন সিডিউল ও সঠিক লোড ডেসপাচের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। এনএলডিসি বিতরন সংস্থা/কোম্পানিসমূহ হতে একদিন পূর্বের ফোরকাস্টেড ডিমান্ড পেয়ে থাকে এবং এর ভিত্তিতে গ্রিড পরিচালনা করা কঠিন হয়ে পড়ে। বিদ্যুৎ বিতরন সংস্থা/কোম্পানিসমূহের এক ঘন্টা পূর্বের ডিমান্ড নিরুপন এবং সে আলোকে উৎপাদন সিডিউল প্রস্তুত করার জন্য আজকের এই সভার আয়োজন।

অতপর সভাপতি পিজিসিবি'র এনএলডিসির তত্ত্বাবধায়ক প্রকৌশলীর নিকট বর্তমানে কিভাবে লোড ডিমান্ড নির্ধারণপূর্বক গ্রিড পরিচালনা করা হয় এবং লোডশেড পরিমাপ সম্পর্কে জানতে চান। পিজিসিবি'র এনএলডিসির তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মঞ্জুরুল ইসলাম জানান যে, বিদ্যুৎ উৎপাদনের ঘন্টাভিত্তিক তথ্য পাওয়া গেলেও বিতরণ সংস্থা/কোম্পানি থেকে ঘন্টাভিত্তিক প্রকৃত ডিমান্ড পাওয়া যাচ্ছে না। বর্তমানে দিনে চারবার বিতরন সংস্থা/কোম্পানিসমূহ হতে ডিমান্ডের তথ্য পাওয়া যায়। বিতরন সংস্থা/কোম্পানিসমূহের প্রেরিত ডিমান্ডের ভিত্তিতে বিদ্যুতের মোট ডিমান্ড নির্ণয় করলে প্রকৃত ডিমান্ডের পরিমান অস্বাভাবিক বেশি আসে। যার ফলে এনএলডিসি আবহাওয়ার পূর্বাভাস, ডিমান্ডের হিস্টোরিকাল তথ্য এবং সিস্টেম ক্যাপাসিটির ভিত্তিতে বিতরন সংস্থা/কোম্পানিসমূহের মোট ডিমান্ডকে স্কেলডাউন করে গ্রিড পরিচালনা করে থাকে। একইসাথে পিজিসিবি'র নির্বাহী পরিচালক জানান, সিস্টেমের সিটি'র নির্ধারিত সেটিং ফ্রি করে দিলে প্রকৃত ডিমান্ড আরও বৃদ্ধি পায়। পিজিসিবি'র প্রতিনিধিগনের বক্তব্যের প্রেক্ষিতে সভাপতি বিতরন সংস্থা/ কোম্পানিসমূহের নিকট এ সম্পর্কে মতামত জানতে চান। পবিবো'র প্রতিনিধিগণ জানান যে, পবিবো প্রতিদিন চার বার ফোরকাস্টেড ডিমান্ড এনএলডিসিকে জানিয়ে থাকে এবং পবিবো'র ফোরকাস্টেড ডিমান্ডের সাথে প্রকৃত ডিমান্ডের তফাৎ ৫% মধ্যে থাকে। ডিপিডিসি'র প্রতিনিধি জানান যে, ডিপিডিসি'র সিস্টেমে স্মার্ট এনার্জি মিটারের মাধ্যমে রিয়েল টাইম প্রকৃত ডিমান্ড পাওয়া যায় এবং এনার্জি মিটারসমূহের হিস্টোরিক্যাল ডাটা

ব্যবহার হরে কেন্দ্রীয়ভাবে ফোরকাস্টেড ডিমান্ডের একটা সঠিক চিত্র পাওয়া যেতে পারে যা প্রত্যেক বিতরন সংস্থা/কোম্পানি নিজস্ব স্মার্ট মিটারের মাধ্যমে করতে পারে মর্মে মতামত প্রকাশ করেন। সভায় উপস্থিত সংস্থা/কোম্পানির প্রতিনিধিগণ জানান যে, বিভিন্ন সংস্থা/কোম্পানি প্রকল্পগ্রহনের মাধ্যমে স্মার্ট মিটার স্থাপন করছে কিন্তু এখন পর্যন্ত রিয়াল টাইম ডাটা সেন্ট্রালাইজড সিস্টেমের মাধ্যমে পাওয়া সম্ভব হচ্ছে না। সভায় উপস্থিত ওজোপাডিকো'র নির্বাহী পরিচালক জানান, তাদের প্রেরিত ফোরকাস্টেড ডিমান্ডের সাথে প্রকৃত ডিমান্ডের ৪-৫% তফাৎ থাকে। সভাপতি সকলের মতামত গ্রহনের পরে জানান যে, ডিপিডিসি এবং ডেসকো এনার্জি মিটারসমূহ স্ক্যাডার সাথে যুক্ত হওয়ায় ২৪ ঘন্টাই রিয়াল টাইম ডিমান্ডের তথ্য দিতে পারবে কিন্তু অন্য সংস্থা/কোম্পানিসমূহের এ ব্যবস্থা না থাকায় রিয়াল টাইম ডিমান্ড পাওয়া সম্ভব নয় বিধায় অন্য সকল বিতরন সংস্থা/কোম্পানিসমূহ একঘন্টা পূর্বে ফোরকাস্টেড ডিমান্ড এনএলডিসিকে জানালে এনএলডিসি সেই ফোরকাস্টেড ডিমান্ডের ভিত্তিতে উৎপাদন সিডিউল প্রস্তুত করে গ্রিড পরিচালনা করবে। ডেসকো ও ডিপিডিসি'র পাশাপাশি অন্য বিতরন সংস্থা/কোম্পানিসমূহ ইতিমধ্যে স্মার্ট মিটার এবং স্ক্যাডা বাস্তবায়ন করছে বিধায় আশাকরা যায় ভবিষ্যতে স্বয়ংক্রিয়ভাবে প্রতি ঘন্টার ফোরকাস্টেড ডিমান্ড পাওয়া যাবে। সভাপতি আরো উল্লেখ করেন যে, বিতরন সংস্থা/কোম্পানিসমূহ আগামি ১ জুলাই ২০২৪ ইং তারিখ থেকে ৫% ভেরিয়েশন এর মধ্যে থেকে একঘন্টা পূর্বে ফোরকাস্টেড ডিমান্ড এনএলডিসিকে জানালে এনএলডিসি সেই তথ্যের ভিত্তিতে উৎপাদন সিডিউল প্রস্তুত করে সিস্টেম পরিচালনা করবে এবং উক্ত ফোরকাস্টেড ডিমান্ড এনএলডিসি ইআরপি ড্যাশবোর্ডে প্রতিনিয়ত হালনাগাদ করবে। সভাপতির বক্তব্যে উপস্থিত সকলে সহমত পোষণ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়:

সিদ্ধান্ত:

১। সকল বিতরন সংস্থা/কোম্পানি ১লা জুলাই ২০২৪ তারিখ হতে একঘন্টা পূর্বে ফোরকাস্টেড ডিমান্ড এনএলডিসিকে প্রেরণ করবে এবং এনএলডিসি সেই ফোরকাস্টেড ডিমান্ডের ভিত্তিতে উৎপাদন সিডিউল ও গ্রিড পরিচালনা করবে। তবে বিতরন সংস্থা/কোম্পানি প্রদত্ত ফোরকাস্টেড ডিমান্ড যেন প্রকৃত ডিমান্ডের সাথে ± ৫% এর মধ্যে থাকে।

২। এনএলডিসি বিতরন সংস্থা/কোম্পানি হতে প্রাপ্ত ফোরকাস্টেড ডিমান্ড ও জেনারেশন ডাটা সিনিয়র সচিব মহোদয়ের ইআরপি ড্যাশবোর্ডে প্রতিনিয়ত হালনাগাদ করবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোহাম্মদ হোসাইন)
মহাপরিচালক, পাওয়ার সেল